# চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩

## শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম

### "পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি"

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এ স্থায়ী পদের বিপরীতে "কুক কাম-কেয়ার টেকার" এর শূন্য পদে নিয়োগ/প্যানেল তৈরির নিমিত্ত যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। নিয়োগ সংক্রান্ত সকল শর্তাবলী/নিয়মাবলী ও "নির্ধারিত ফর্ম" চট্টগ্রাম পবিস-৩ এর নিজস্ব ওয়েবসাইট **(www.pbs3.chittagong.gov.bd)** এবং বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট **(www.reb.gov.bd)** এ পাওয়া যাবে। নিয়োগ সংক্রান্ত শর্তাবলীর বিস্তারিত বিবরণ এবং "নির্ধারিত ফর্ম" সংগ্রহের জন্য বর্ণিত ওয়েবসাইট ভিজিট করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

জেনারেল ম্যানেজার
চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩

"বিদ্যুৎ সাশ্রয় করি, সমৃদ্ধ দেশ গড়ি"

# নিয়োগ বিজ্ঞপ্তি

নং- ২৭.১২.০০০০.০২৫.১১.১৮৬.২৫- ১৮৬৩

তারিখঃ ২৬ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ
০৯ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)-এর ঢাকাস্থ সদরদপ্তরে কর্মরত কর্মকর্তা/কর্মচারী ও তাঁদের পরিবারবর্গের চিকিৎসা সুবিধা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে চুক্তিভিত্তিতে খণ্ডকালীন ০১ (এক) জন মেডিক্যাল রিটেইনার (মহিলা) নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| পদের নাম | সম্মানী ও সময় | পদের সংখ্যা | বয়সসীমা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| মেডিক্যাল রিটেইনার | সর্বসাকুল্য মাসিক সম্মানী ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সময়: অফিস সময়কালীন সকাল ৯:০০ ঘটিকা হতে ১:০০ ঘটিকা পর্যন্ত। | ০১ (এক) টি (০১ জন মহিলা) | বয়সসীমা সর্বোচ্চ ৪৫ বছর। | সরকার অনুমোদিত মেডিক্যাল কলেজ থেকে এমবিবিএস ডিগ্রিসহ কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন ও বিএমডিসি'র রেজিস্ট্রেশনপ্রাপ্ত হতে হবে। মেডিসিন বিষয়ে এফসিপিএস/ এমআরসিপি ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে। |

আবেদনপত্র পরিচালক, কর্মচারী প্রশাসন পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদরদপ্তর ভবন (২য় তলা), নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ বরাবর কুরিয়ার/ডাকযোগে আগামী ০৪-০৫-২০২৬ খ্রি. তারিখের মধ্যে পৌঁছাতে হবে। উক্ত তারিখের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না। আবেদন পদ্ধতি ও চাকুরী সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর ওয়েবসাইটে www.reb.gov.bd পাওয়া যাবে।

৯.৪.২৬

(দিলরুবা শিরাজী)
পরিচালক
কর্মচারী প্রশাসন পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদরদপ্তর ভবন, নিকুঞ্জ-২
খিলক্ষেত, ঢাকা-১২২৯

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

**বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড**
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

*ISO 9001, ISO 14001 & ISO 45001Certified*
www.reb.gov.bd

বাপবিবো/জন ( ২৬০৪-১৬৫) ২০২৫-২০২৬ GC-125/26 (5"x4)

# বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি

পোলঘাট, বাগেরহাট।

Web: www. pbs.bagerhat.gov.bd

E-mail: bagerhatpbs@gmail.com

ISO: 9001:2015 (QMS) Certified

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নোক্ত শূন্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগ/প্যানেল তৈরির নিমিত্ত নিম্নবর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফর্মে (স্ব-হস্তে পূরণকৃত) নিম্নোক্ত শর্ত প্রতিপালন স্বাপেক্ষে জেনারেল ম্যানেজার, বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি বরাবর আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বয়সসীমা | বেতন ও ভাতাদি | শিক্ষাগত/ প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ড্রাইভার | ০২ (দুই) টি (কম/বেশি হতে পারে) | ১০/০৫/২০২৬ খ্রিঃ তারিখে প্রার্থী ১৮ হতে ৪৫ বছরের মধ্যে হতে হবে। বয়সের প্রমাণক হিসেবে জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদ/পিএসসি/ জেএসসি/ এসএসসি/সমমান পরীক্ষার সনদপত্র বিবেচিত হবে। | পবিস বেতন কাঠামো ২০১৬ (সংশোধিত) মোতাবেক বেতন স্কেল ১৬,৬০০.০০ হতে ৪১,৯৫০.০০ টাকা এবং নিয়ম অনুযায়ী বাড়ি ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | (ক) প্রার্থীকে সাবলীলভাবে বাংলা লেখা ও পড়াসহ ন্যূনতম ইংরেজি শব্দ ও সংখ্যা পড়তে সক্ষম হতে হবে। নির্দেশিকা, সাংকেতিক চিহ্ন বুঝা, পূর্ণ প্রতিবেদন ও সময়সূচী পড়ার পর্যাপ্ত সামর্থ থাকতে হবে এবং লগ বই পূরনে সক্ষম হতে হবে।<br>(খ) প্রার্থীর বিআরটিএ হতে প্রদত্ত বৈধ হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং লাইসেন্স এর সত্যায়িত কপি আবেদনের সাথে জমা প্রদান করতে হবে।<br>(গ) প্রার্থীকে যে কোন সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/বৃহৎ শিল্প/বণিজ্যিক প্রতিষ্ঠানে গাড়ী চালানোসহ রক্ষণাবেক্ষণ কাজে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা (যা ড্রাইভিং লাইসেন্স ইস্যুর তারিখ হতে গণনা করা হবে) থাকতে হবে। বিগত ০৩ (তিন) বছরে বড় ধরনের কোন দুর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রদত্ত প্রত্যয়নপত্র থাকতে হবে।<br>(ঘ) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত , নম্র, সুস্বাস্থ্য ও সন্তোষজনক ব্যক্তিত্বের অধিকারী হতে হবে।<br>(ঙ) বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষ কর্তৃক প্রার্থীকে লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় যানবাহন চালনা, ছোট ধরনের ইঞ্জিন রিপিয়ারিং, টিউনআপ, সাধারণ রক্ষণাবেক্ষণ জ্ঞান সম্পর্কে যাচাই করা হবে।<br>(চ) পবিস এর অনুমোদিত ডাক্তার দ্বারা প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা Dope test রিপোর্টসহ দৃষ্টিশক্তি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | বাগেরহাট জেলার স্থায়ী বাসিন্দা/নাগরিকগণ এবং খুলনা জেলার রূপসা উপজেলার ঘাটভোগ, নৈহাটী, টিএস বাহিরদিয়া, শ্রীফলতলা, আইচগাতী ইউনিয়ন ও তেরখাদা উপজেলার ছাগলাদহ এবং সাচিয়াদহ ইউনিয়নের স্থায়ী নাগরিকগণ ব্যতীত অন্যান্য সকল জেলার স্থায়ী বাসিন্দা/নাগরিকগণ আবেদন করতে পারবেন। |

আবেদনকারীগণ বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইট: **www. pbs.bagerhat.gov.bd/বাপবিবোর্ড এর ওয়েব সাইট www.reb.gov.bd হতে আবেদনের বিস্তারিত তথ্য ও নির্ধারিত ফর্ম সংগ্রহ করতে পারবেন। নির্ধারিত ফর্ম ব্যতিত আবেদনপত্র গ্রহণযোগ্য নয়। আবেদন পত্র পৌঁছানোর শেষ সময় আগামী ১০/০৫/২০২৬ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত।**

( মোঃ মাহফুজুর রহমান )
জেনারেল ম্যানেজার
বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি।

# ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি
দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং-২৭.১২.১২১৩.৫৫২.০২.০০৮.২৬.

তারিখ: ১১ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
২৫ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

## "উন্মুক্ত নিয়োগ বিজ্ঞপ্তি"

ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এ ড্রাইভার এর শূন্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর জন্য প্রকৃত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিক'গণের নিকট হতে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত-২০১২) মোতাবেক নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ-

| ক্রঃ নং | পদের নাম ও পদ সংখ্যা | বেতন স্কেল | বয়সসীমা | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১। | ড্রাইভার (পুরুষ)<br><br>পদসংখ্যাঃ ০১ (এক) টি (কম/বেশি হতে পারে) | পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৬,৬০০/- হতে ৪১,৯৫০/- টাকা এবং নিয়ম অনুযায়ী বাড়ি ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | ২৬/০৪/২০২৬ খ্রিঃ তারিখে সর্ব নিম্ন বয়স ১৮ বছর এবং সর্বোচ্চ বয়স সীমা ৪৫ বছর। | (ক) সাবলীলভাবে বাংলা পড়া ও লেখায় এবং ইংরেজি শব্দ, সংখ্যা, দিক, চিহ্ন, নির্দেশিকা পড়তে ও লিখতে সক্ষম হতে হবে।<br>(খ) প্রার্থীর BRTA কর্তৃক প্রদত্ত মেয়াদ সমৃদ্ধ বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।<br>(গ) প্রার্থীকে যে কোন সরকারী/আধা-সরকারী/ স্বায়ত্বশাসিত/ বৃহৎ শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে গাড়ী চালনাসহ রক্ষণাবেক্ষণ কাজে ন্যনতম ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। ড্রাইভিং লাইসেন্স ইস্যুর পর উল্লেখিত প্রতিষ্ঠান সমূহের কর্মকালকে অভিজ্ঞতার কর্মকাল হিসবে গণ্য করা হবে।<br>(ঘ) বিগত ০৩ (তিন) বৎসরের মধ্যে বড় ধরনের কোন দূর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র প্রদান করতে হবে। প্রার্থীকে সু-স্বাস্থ্যের অধিকারীসহ স্বাভাবিক দৃষ্টি সম্পন্ন হতে হবে। নির্বাচনী লিখিত পরীক্ষায় অংশ গ্রহন করতে হবে।<br>(ঙ) কর্তৃপক্ষ কর্তৃক লিখিত, ব্যবহারিক (ড্রাইভিং) ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। (লিখিত পরীক্ষা হবে ছোট ধরনের ইঞ্জিন রিপিয়ারিং, টিউন-আপ ও সাধারণ রক্ষণাবেক্ষণ কাজ সম্পর্কে)<br>(চ) প্রার্থী কে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারী সহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে। পবিসের রিটেইনার ডাক্তার কর্তৃক স্বাস্থ্য ও চক্ষু পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |

**শর্তাবলীঃ**

০১. আবেদনকারীগণকে ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েবসাইট www.pbs.brahmanbaria.gov.bd অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট www.reb.gov.bd হতে A-4 সাইজের নির্ধারিত আবেদন ফরম কাগজে (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজহাতে পূরণ করে আগামী ২৬/০৪/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জেনারেল ম্যানেজার, ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। নির্ধারিত ফরম ব্যতীত অন্য কোন ফর্মে/সাদা কাগজে/টাইপকৃত/সরাসরি কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহনযোগ্য বিবেচিত হবে না। ব্রাহ্মণবাড়িয়া জেলার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেই।

নিয়োগ বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী ও নির্ধারিত আবেদন পত্র অত্র পবিসের ওয়েব সাইট (www.pbs.brahmanbaria.gov.bd) তে দেওয়া আছে। আগ্রহী প্রার্থীগনকে সংশ্লিষ্ট ওয়েবসাইট এ অন্যান্য শর্তাবলী অনুযায়ী আবেদন ফরম ডাউনলোড করার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ সাইদুর রহমান)
জেনারেল ম্যানেজার